

💵 আল-লুলু ওয়াল মারজান

হাদিস নাম্বারঃ ৩৭

১/ ঈমান (كتاب الإيمان)

পরিচ্ছেদঃ ১/২৩. মুনাফিকের স্বভাবের বর্ণনা।

بَابِ خِصاًلِ الْمُنَافِقِ

আরবী

حَدِيْثُ عَبْدِ اللهِ بْنِ عَمْرٍ أَنَّ النَّبِيَّ صلى الله عليه وسلم قَالَ أَرْبَعٌ مَنْ كُنَّ فِيهِ كَانَ مُنَافِقًا خَالِصًا وَمَنْ كَانَتْ فِيهِ خَصْلَةٌ مِنْ النِّفَاقِ حَتَّى يَدَعَهَا مُنَافِقًا خَالِصًا وَمَنْ كَانَتْ فِيهِ خَصْلَةٌ مِنْ النِّفَاقِ حَتَّى يَدَعَهَا إِذَا اوْتُمِنَ خَانَ وَإِذَا حَدَّثَ كَذَبَ وَإِذَا عَاهَدَ غَدَرَ وَإِذَا خَاصَمَ فَجَرَ

বাংলা

৩৭. 'আবদুল্লাহ ইবনু 'আমর (রাযি.) হতে বর্ণিত, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেনঃ চারটি স্বভাব যার মধ্যে বিদ্যমান সে হবে খাঁটি মুনাফিক। যার মধ্যে এর কোন একটি স্বভাব থাকবে, তা পরিত্যাগ না করা পর্যন্ত তার মধ্যে মুনাফিকের একটি স্বভাব থেকে যায়। ১. আমানত রাখা হলে খিয়ানত করে; ২. কথা বললে মিথ্যা বলে; ৩. অঙ্গীকার করলে ভঙ্গ করে; এবং ৪. বিবাদে লিপ্ত হলে অঞ্লীল গালি দেয়।

ফুটনোট

সহীহুল বুখারী, পর্ব ২; উমান, অধ্যায় ২৪ হাঃ ৩৪; মুসলিম, পর্ব ১: ঈমান, অধ্যায় ২৫, হাঃ ৫৮

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আমর ইবনুল আস (রাঃ)

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন